

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী: অতিমারীতে ইলেক্টনিক বেনিফিট ট্রান্সফারের (Pandemic Electronic Benefit Transfer - P-EBT) মাধ্যমে খাদ্যের সুবিধা



পরিবারগুলি
2020- 2021
স্কুল-বর্ষে
\$820-1300
পেতে পারে, এর
সঠিক পরিমাণ
শিক্ষার্থী প্রতিমাসে
কত দিন
দূরশিক্ষা প্রাপ্ত
করছে তার
উপর নির্ভর
করবে।

P-EBT এর পটভূমি:

অতিমারীতে ইলেক্টনিক বেনিফিট ট্রান্সফার (P-EBT) হল দূরশিক্ষায়/মিশ্র শিক্ষায় তালিকাভুক্ত শিক্ষার্থীরা স্কুলের যে আহার পাচ্ছে না তা পূরণ করার জন্য খাবার কিনতে পরিবারগুলিকে দেওয়ার একটি সাময়িক যুক্তরাষ্ট্রীয় খাদ্যের সুবিধা কর্মসূচি। সুবিধাগুলি EBT/SNAP গ্রহণ করা হয় এমন যে কোনও জায়গায় ব্যবহার করা যাবে, যার মধ্যে রয়েছে বেশিরভাগ খুচরো খাবারের দোকান ও কৃষি বাজার।

P-EBT পারিবারিক আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে NYC পাবলিক স্কুলগুলির সমস্ত শিক্ষার্থীর জন্য দেওয়া হয়। P-EBT ন্যাশনাল স্কুল লঞ্চ প্রোগ্রামে (National School Lunch Program) অংশগ্রহণকারী যে কোনও স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য, যার মধ্যে রয়েছে বেসরকারি, প্রি-K, চার্টার ও ধর্মীয় স্কুলগুলি। P-EBT কোনও পাবলিক চার্জ নয়।

P-EBT'র জন্য কোনও আবেদন করতে হয় না, এটি স্বয়ংক্রিয়ভাবে জারি করা হয়।

- **বিতরণ 1:** 2020 সালের মার্চ থেকে জুন মাস এর আওতায় আসে এবং 2020 সালের শরৎকালে জারি করা হয়েছিল।
- **বিতরণ 2:** সেপ্টেম্বর 2020 থেকে মার্চ 2021 এর আওতায় আসে এবং জুন 2021-এ বিতরণ শুরু করা হয়েছে।
- **বিতরণ 3:** 2021 সালের এপ্রিল থেকে জুন মাস এর আওতায় আসে এবং 2021 সালের শরৎকালে বিতরণ জারি শুরু করা হবে।

আরো তথ্যের জন্য:

- P-EBT খাদ্যের সুবিধা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর উত্তর পেতে NYS OTDA ওয়েবসাইট otda.ny.gov/SNAP-COVID-19 দেখুন
- NY স্টেটের P-EBT হেল্পলাইন: 1-833-452-0096
- বদলি কার্ডের অনুরোধ করতে, আপনার ব্যালেন্স দেখে নিতে বা কার্ড (PIN) সক্রিয় করতে EBT গ্রাহক পরিষেবার 1-888-328-6399 নম্বরে ফোন করুন অথবা www.connectebt.com দেখুন

NYC
Food Policy